চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

২৭ আগস্ট ২০১৭ খ্রি.

চসিক পরিচালিত মেমন জেনারেল হাসপাতালে বার্ণ ইউনিট চালুর জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রকে ১০ লাখ টাকার আর্থিক অনুদান দিল ব্র্যাক ব্যাংক

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মেমন জেনারেল হাসপাতালে বার্ণ ইউনিট চালু হতে যাচ্ছে। নতুন এই চালু হতে যাওয়া বার্ণ ইউনিটের আর্থিক সহায়তায় এগিয়ে এসেছে বেসরকারি ব্যাংক ব্র্যাক ব্যাংক। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের হাতে ২৭ আগস্ট ২০১৭ খ্রি. রবিবার, দুপুরে নতুন চালু হতে যাওয়া এই বার্ণ ইউনিটের আর্থিক অনুদানের ১০ লাখ টাকার চেক তুলে দেন ব্র্যাক ব্যাংকের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর আবদুল কাদের জোদ্দার। এই বার্ণ ইউনিটটি হবে ১০ শয্যা বিশিষ্ট। নতুন এই ইউনিটের জন্য বিশেষজ্ঞ চিকিৎসকের পাশাপাশি নার্স, আয়াসহ অতিরিক্ত জনবল নিয়োগ করা হবে। চেক গ্রহনকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, কর্পোরেশন তার রুটিন কার্যক্রমের পাশাপাশি শিক্ষা ও চিকিৎসা সেবা কার্যক্রমে বিশেষ অগ্রাধিকার দিয়ে আর্থিক বরাদ্দ দিয়ে যাচ্ছে। যা দেশের অপরাপর কর্পোরেশনের ক্ষেত্রে পরিলক্ষিত হয় না। চট্টগ্রামে সরকারিভাবে বড় হাসপাতাল আছে মাত্র দুইটি। এই দুইটি হাসপাতালের মধ্যে ১টি হলো চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল। অপরটি হলো চট্টগ্রাম জেনারেল হাসপাতাল। এ দুইটি হাসপাতালের মধ্যে চট্টগ্রাম জেনারেল হাসপাতালে বার্ণ ইউনিট চালু থাকলেও এ চিকিৎসাসেবার পরিধি অতো ব্যাপক নয়। এ দুইটি সরকারি হাসপাতাল দিয়ে বৃহত্তর চট্টগ্রামসহ নগরীর ৬০ লাখ মানুষের চিকিৎসাসেবা প্রদান করা বেশ দুরুহ। তাই নগরবাসীর বৃহত্তর স্বার্থে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এই প্রয়াস। তিনি বলেন, চট্টগ্রাম

সিটি কর্পোরেশন ২০০৯ এর কর্পোরেশন ম্যানুয়েল বা অধ্যাদেশ অনুযায়ী পরিচালিত হয়। কর্পোরেশন প্রতি বছর শিক্ষা-স্বাস্থ্য সেবা খাতে ৫৬ কোটি টাকা ব্যয় করে। চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা বর্তমানে ৫৯টি। কর্পোরেশন পরিচালিত আরো একটি হাসপাতালকে জেনারেল হাসপাতালে উন্নীত করা হচ্ছে মেয়র উল্লেখ করেন। মাননীয় মেয়র খুব শিঘ্রই কর্পোরেশন পরিচালিত জেনারেল হাসপাতালে কিডনির জটিল রোগে আক্রান্ত রোগীদের জন্য নামমাত্র মূল্যে কিডনি ডাইলোসিসের ব্যবস্থা নেয়া হচ্ছে বলে জানান। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্যসেবা কার্যক্রমে নগরবাসীর থেকে কোন প্রকার অতিরিক্ত কর নেয়া হয় না বলে ব্র্যাক ব্যাংকের কর্মকর্তাদেরকে অবহিত করেন। চেক গ্রহনকালে চসিকের কাউন্সিলর ও স্বাস্থ্য-শিক্ষা ষ্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান নাজমুল হক ডিউক, গোসাইল ডাঙ্গা ওয়ার্ড কাউন্সিলর হাবিবুল হক, ব্র্যাক ব্যাংকের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর চৌধুরী আকতার আসিফ, কর্পোরেশনের স্বাস্থ্য কর্মকর্তা ডা. প্রীতি বড়-য়া, মোহাম্মদ আলী, আশীষ মুখার্জী, ব্র্যাক ব্যাংকের ব্রাঞ্চ ম্যানেজার আহমেদ সিদ্দিক খালেদ, মেহেদী হাসান চৌধুরী, আবুল কাসেম, শেখ নাবিদুর রহমান, জামসেদ আহমেদ চৌধুরী, আবদুর রহিম সোহেল, রিজিউনাল ম্যানেজার (কর্পোরেট) খান মো. ইসতিয়াক প্রমুখ উপস্থিত ছিলেন।

২৭ আগস্ট ২০১৭ খ্রি.

আহম্মদ সিটি কর্পোরেশন গালর্স হাই স্কুল কাম সাইক্লোন সেল্টারের ভিত্তিপ্রস্তর ফলক উন্মোচন করলেন- মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

সিটি গভার্নেন্স প্রকল্প ও জাইকার অর্থায়নে ৭ কোটি ৯০ লক্ষ ৬ হাজার ৫শত ৩৩ কোটি টাকায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্মাণ করছে আহম্মদ সিটি কর্পোরেশন গালর্স হাই স্কুল কাম সাইক্লোন সেল্টার। ৬ তলা এ ভবনের প্রতি তলা হবে ৩৮৫০ বর্গফুট। এতে ৯টি ক্লাস রুম, ৪টি ল্যাবরেটরী, ১টি লাইব্রেরি, ১টি মালটিপারপাস হল রুম, ১টি সভা রুম, ১টি গালর্স কমন রুম, ১টি মেডিকেল রুম, ১টি টিচার্স রুম, ১টি প্রিন্সিপাল রুম, ১টি এ্যাডমিশন এন্ড একাউন্ট রুম, ১টি ক্যান্টিন, ১টি ইনডোর গেইমস রুম এবং ১টি আধুনিক লিফট থাকবে। ২৭ আগস্ট ২০১৭ খ্রি. দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ফলক উন্মোচন ও মুনাজাতের মধ্য দিয়ে অত্র

ভবন নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে অত্র স্কুল ক্যাম্পাসে অনুষ্ঠিত সুধী সমাবেশে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, ৩৮নং দক্ষিণ মধ্যম হালিশহর ওয়ার্ডে ২০১৬-২০১৭ অর্থ বছরে ৩ কোটি টাকার উন্নয়ন কাজ করা হয়েছে। ২০১৭-২০১৮ অর্থ বছরে ২ কোটি ৯ লক্ষ টাকার কাজ চলমান আছে। এ ছাড়াও এডিবি প্রকল্পের অধীনে ৮ কোটি ৫ লক্ষ টাকার উন্নয়ন কাজ চলমান আছে। এর মধ্যে ৫ কোটি ৮৪ লক্ষ টাকার উন্নয়ন কাজের দরপত্র আহবান করা হয়েছে। মেয়র বলেন, আহম্মদ সিটি কর্পোরেশন গালর্স হাই স্কুল কাম সাইক্লোন সেল্টার নির্মাণে প্রায় ৮ কোটি টাকা ব্যয় হবে। ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির মূলে আগামী বছরের ৫ সেপ্টেম্বর এ ভবনের নির্মাণ কাজ সমাপ্ত হবে। তিনি বলেন, আলোকিত মানুষ গড়ার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ঝুঁকি নিয়ে ভতুর্কি দিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। মেয়র আশা করেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষা গ্রহণ শেষে শিক্ষার্থীরা কর্মজীবনে প্রবেশ করে চট্টগ্রামের জন্য অবদান রাখবেন। সভায় সভাপতিত্ব করেন ৩৮নং ওয়ার্ড কাউন্সিলর গোলাম মো. চৌধুরী। অনুষ্ঠানে সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আফরোজা কালাম, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, স্কুলের প্রতিষ্ঠাতার কন্যা মিসেস আক্তার জাহান, স্কুল পরিচালনা কমিটির সাবেক সদস্য ও সাবেক কমিশনার নুরুল আলম, স্কুল পরিচালনা কমিটির সদস্য কামাল উদ্দিন, নিজাম উদ্দিন, সাবিনা রহমান, চসিকের তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ, নির্বাহী প্রকৌশলী অসীম বড়-য়াসহ স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

২৭ আগস্ট ২০১৭ খ্রি.

জাতীয় শোক দিবস ও ২১ আগস্ট গ্রেনেড হামলা স্মরণে চান্দগাও থানা ১৪ দলের আলোচনা সভায় মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, ১৫ আগস্ট ও ২১ আগস্ট জাতীয় জীবনে বেদনা বিধুর ও ভয়াবহ ঘটনার দিন। এসময় ঘাতকচক্রের বঙ্গবন্ধু জাতির পিতা শেখ মুজিবুর রহমানের নাম নিশানা মুছে দেয়ার চক্রান্ত ছিল। মেয়র শোকের শক্তিতে বলিয়ান হয়ে দেশ থেকে ক্ষুধা দারিদ্র, সন্ত্রাস, জঙ্গীবাদ, দুর্নীতি চিরতরে উৎখাত করার জন্য অঙ্গীকারবদ্ধ

হওয়ার আহবান জানান। ২৬ আগস্ট ২০১৭ খ্রি. রাতে নগরীর একটি কমিউনিটি সেন্টারে জাতীয় শোক দিবস ও ২১ আগস্ট গ্রেনেড হামলা স্মরনে চান্দগাও থানা ১৪ দল আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহবান জানান। স্থানীয় সংসদ সদস্য মঈনুদ্দিন খাল বাদল এর সভাপতিত্বে সভায় চট্টগ্রাম জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জাসদ নেতা এডভোকেট আবু মোহাম্মদ হাশেম, চান্দগাও থানা আওয়ামী লীগের আহবায়ক আলহাজ্ব নুরুল ইসলাম, চান্দগাঁও ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি নুর মোহাম্মদ, সাধারণ সম্পাদক এডভোকেট আইয়ুব খান, থানা জাসদ সাধারণ সম্পাদক সরওয়ার আলম চৌধুরী, অত্র ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক সওকত আলী, জাসদ নেতা জাহাঙ্গীর আলম চৌধুরী, শ্রমিক নেতা শহিদুল ইসলাম দুলাল, যুবলীগ নেতা সরওয়ার খান, মো. খোকন, ইব্রাহিম ভুট্টো, ছাত্রনেতা এস এম মামুন, গিয়াস উদ্দিন তালুকদার, সাখাওয়াত হোসেন, মো. সুমন, আশিষ, সৌরভ ও মুন্না প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন হুমায়ান কবির হেলাল ও জামাল উদ্দিন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা